## বহুবিকল্পীয় প্রশ্ন (MCQ)

প্রতিটি প্রশ্নের মান ১

### ঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো :

**১.১** জ্ঞানচক্ষু গল্পের রচয়িতা—
(ক) মহাশ্বেতা দেবী (খ) অনিমা দেবী
(গ) আশাপূর্ণা দেবী (ঘ) লীলা মজুমদার

**১.২** 'কথাটা শুনে তপনের চোখ মার্বেল হয়ে গেল'। কথাটা হল—
(ক) তপনের মামা একজন লেখক
(খ) তপনের লেখা ছাপা হয়েছে
(গ) তপনের মেসো একজন লেখক
(ঘ) সবাই তপনের গল্প শুনে হেসেছে

**১.৩** 'চোখ মার্বেল হয়ে যাওয়া'-এর অর্থ হল—
(ক) চোখ পাকানো
(খ) চোখ গোল গোল হয়ে যাওয়া
(গ) অবাক হয়ে যাওয়া
(ঘ) রেগে যাওয়া

**১.৪** তপনের নতুন মেসোমশাই ছিলেন একজন—
(ক) অভিনেতা (খ) চিত্র পরিচালক
(গ) খেলোয়াড় (ঘ) লেখক

**১.৫** তপনের লেখক মেসোমশাই হলেন তার—
(ক) বড়োমাসির স্বামী (খ) মেজোমাসির স্বামী
(গ) সেজোমাসির স্বামী (ঘ) ছোটোমাসির স্বামী

**১.৬** 'তিনি নাকি বই লেখেন'। তিনি হলেন—
(ক) তপনের নতুন মেসোমশাই
(খ) তপনের বাবা
(গ) তপন
(ঘ) 'সন্ধ্যাতারা' পত্রিকার সম্পাদক

**১.৭** অনেক বই ছাপা হয়েছে—
(ক) তপনের (খ) নতুন মেসোমশাইয়ের
(গ) ছোটোমাসির (ঘ) মেজোকাকুর

**১.৮** তপন কখনও এত কাছ থেকে—
(ক) জলজ্যান্ত ভূত দেখেনি
(খ) সমুদ্র দেখেনি
(গ) জলজ্যান্ত লেখক দেখেনি
(ঘ) ক্রিকেট ম্যাচ দেখেনি

**১.৯** তপনের নতুন মেসোমশাই খবরের কাগজ নিয়ে গল্প আর তর্ক করেন—
(ক) ছোটোমামাদের মতোই
(খ) মা-মাসিদের মতোই
(গ) কাগজের সম্পাদকের মতোই
(ঘ) সাংবাদিকদের মতোই

**১.১০** ঠিক ছোটোমামাদের মতোই খবরের কাগজের সব কথা নিয়ে প্রবল আড্ডা-তর্কের পর শেষ পর্যন্ত 'এ দেশের কিছু হবে না' বলে মেসোমশাই—
(ক) ঘুমিয়ে পড়েন
(খ) লিখতে বসেন
(গ) সিনেমা দেখতে বা বেড়াতে চলে যান
(ঘ) সিগারেট ধরান

**১.১১** নতুন মেসোকে দেখে তপনের—
(ক) জ্ঞানচক্ষু খুলে গেল (খ) দম বন্ধ হয়ে এল
(গ) আনন্দ হল (ঘ) গলা বুজে এল

**১.১২** তপনের অবাক হওয়ার কারণ ছিল—
(ক) সে কখনও মেসোমশাইকে দেখেনি
(খ) সে কখনও কোনো লেখককে দেখেনি
(গ) সে নিজে গল্প লিখে ফেলেছিল
(ঘ) তার গল্প ছাপা হয়েছিল

**১.১৩** 'এবিষয়ে সন্দেহ ছিল তপনের'। তপনের সন্দেহের বিষয়টি হল—
(ক) লেখকরা ভারী অহংকারী হয়
(খ) ছোটোমাসির বিয়েতে আদৌ কোনো ঘটা হয়েছিল কিনা
(গ) নতুন মেসোমশাই প্রকৃতই একজন লেখক কিনা
(ঘ) লেখকরা তপনের বাবা, ছোটোমামা বা মেজোকাকুর মতো সাধারণ মানুষ

**১.১৪** তপন মূলত মামার বাড়ি এসেছে—
(ক) গরমের ছুটি উপলক্ষ্যে
(খ) পুজোর ছুটি কাটাতে
(গ) বিয়েবাড়ি উপলক্ষ্যে
(ঘ) সন্ধ্যাতারার প্রকাশ উপলক্ষ্যে

**১.১৫** 'তাই মেসো শ্বশুরবাড়িতে এসে রয়েছেন ক'দিন'। মেসোর শ্বশুরবাড়িতে এসে থাকার কারণ—
(ক) তাঁর গরমের ছুটি চলছিল
(খ) তাঁর সেখানে কাজ ছিল
(গ) তিনি নিরিবিলিতে গল্প লিখতে চেয়েছিলেন
(ঘ) তপন তাঁকে থাকতে অনুরোধ করেছিল

**১.১৬** গরমের ছুটি চলছিল—
(ক) তপনের (খ) ছোটোমাসির
(গ) ছোটোমেসোর (ঘ) তপন ও ছোটোমেসোর

**১.১৭** তপনের মেসোমশাই পেশাগত দিক থেকে যা ছিলেন—
(ক) রাজনীতিবিদ (খ) চিকিৎসক
(গ) সম্পাদক (ঘ) অধ্যাপক

**১.১৮** 'আর সেই সুযোগেই দেখতে পাচ্ছে তপন ............' এখানে যে সুযোগের কথা বলা হয়েছে তা হল—
(ক) মামার বাড়িতে থাকার সুযোগ
(খ) গল্প লেখার সুযোগ
(গ) জলজ্যান্ত লেখককে কাছ থেকে দেখার সুযোগ
(ঘ) ছুটির সুযোগ

**১.১৯** 'আর সেই সুযোগেই দেখতে পাচ্ছে তপন ............' এখানে তপন যা দেখতে পাচ্ছে, তা হল—
(ক) গল্প লেখা কত কঠিন
(খ) চেনাজানা না থাকলে গল্প ছাপানো যায় না
(গ) নতুন মেসোমশাই ভারী ঘুমকাতুরে
(ঘ) লেখক মানে কোনো আকাশ থেকে পড়া জীব নয়

**১.২০** তপন প্রথম কী লিখেছিল?
(ক) গল্প (খ) উপন্যাস
(গ) কবিতা (ঘ) প্রবন্ধ

**১.২১** তপনের লেখা গল্প ছোটোমেসোর হাতে পৌঁছে দেয়—
(ক) তপন নিজেই (খ) তপনের মা
(গ) তপনের ছোটোমামা (ঘ) তপনের ছোটোমাসি

**১.২২** 'আর সেই সুযোগেই দিব্যি একখানি দিবানিদ্রা দিচ্ছিলেন'। সুযোগটি হল—
(ক) গরমের ছুটি
(খ) পুজোর ছুটি
(গ) বিয়ের জন্য নেওয়া ছুটি
(ঘ) বেড়াতে যাওয়ার ছুটি

**১.২৩** 'ছোটোমাসি সেই দিকে ধাবিত হয়'। এখানে সেইদিকে বলতে বোঝানো হয়েছে—
(ক) তিনতলার সিঁড়ির দিকে
(খ) ছোটোমেসোর দিকে
(গ) তপনের পড়ার ঘরের দিকে
(ঘ) মেজোকাকুর দিকে

**১.২৪** তপনের ছোটোমাসি যখন ছোটোমেসোর দিকে ধাবিত হয়, মেসো তখন—
(ক) লিখছিলেন
(খ) দিবানিদ্রা দিচ্ছিলেন
(গ) টিভি দেখছিলেন
(ঘ) খবরের কাগজ পড়ছিলেন

**১.২৫** 'তপন অবশ্য 'না-আ-আ'— করে প্রবল আপত্তি তোলে'। তপন যে বিষয়ে আপত্তি তোলে, তা হল—
(ক) তার লেখা গল্প ছোটোমেসোকে দেখানো
(খ) অসময়ে ছোটোমেসোর ঘুম ভাঙানো
(গ) ছোটোমাসির শ্বশুরবাড়ি ফিরে যাওয়া
(ঘ) তার লেখা ছাপতে দেওয়া

**১.২৬** মাসির এই হইচইতে মনে মনে পুলকিত হয়—
(ক) তপন (খ) মা
(গ) ছোটোমেসো (ঘ) ছোটোমামা

**১.২৭** রত্নের মূল্য—
(ক) দস্যুর কাছে (খ) জহুরির কাছে
(গ) রত্নাকরের কাছে (ঘ) নারীর কাছে

**১.২৮** 'রত্নের মূল্য জহুরির কাছেই'। এখানে রত্ন ও জহুরি হল—
(ক) তপন ও ছোটোমাসি
(খ) তপন ও ছোটোমেসো
(গ) তপন ও 'সন্ধ্যাতারা'-র সম্পাদক
(ঘ) তপন ও মেজোকাকু

**১.২৯** 'মেসোর উপযুক্ত কাজ হবে সেটা'। উপযুক্ত কাজটি হল—
(ক) গল্প লিখে দেওয়া
(খ) তপনকে গল্প লেখা শিখিয়ে দেওয়া
(গ) তপনের গল্প ছাপিয়ে দেওয়া
(ঘ) তপনকে বেড়াতে নিয়ে যাওয়া

**১.৩০** যে পত্রিকায় তপনের গল্প ছাপিয়ে দেওয়ার কথা হয়েছিল, সেই পত্রিকার নাম—
(ক) শুকতারা (খ) নক্ষত্র
(গ) ধ্রুবতারা (ঘ) সন্ধ্যাতারা

**১.৩১** 'তোমার গল্প তো দিব্যি হয়েছে'। এখানে বক্তা হল—
(ক) তপন
(খ) ছোটোমামা
(গ) সন্ধ্যাতারা পত্রিকার সম্পাদক
(ঘ) ছোটোমেসো

**১.৩২** 'তোমার গল্প তো দিব্যি হয়েছে'। যাকে উদ্দেশ্য করে এ কথা বলা হয়েছে, সে হল—
(ক) তপন (খ) ছোটোমেসো
(গ) ছোটোমাসি (ঘ) ছোটোমামা

**১.৩৩** 'তপন, তোমার গল্প তো দিব্যি হয়েছে'। বক্তার উদ্দেশ্য ছিল তপনকে—
(ক) উৎসাহ দেওয়া (খ) নিরুৎসাহ করা
(গ) সান্ত্বনা দেওয়া (ঘ) ঠাট্টা করা

**১.৩৪** তপনের গল্প ছাপতে দেওয়ার কথা বলেন—
(ক) সন্ধ্যাতারা পত্রিকার সম্পাদক
(খ) তপনের মেজোকাকু

(গ) তপনের বাবা
(ঘ) তপনের ছোটোমেসো

**১.৩৫** তপনের লেখাটা ছাপতে দেওয়ার আগে যা করা দরকার, তা হল—
(ক) নতুন করে লেখা
(খ) টাইপ করিয়ে নেওয়া
(গ) একটু কারেকশন করা
(ঘ) পরিষ্কার হাতের লেখায় লেখা

**১.৩৬** 'তপন প্রথমটা ভাবে ঠাট্টা'। যে বিষয়টিকে তপন ঠাট্টা বলে মনে করে, তা হল—
(ক) তার লেখা গল্প ছাপতে দেওয়া
(খ) তার লেখা গল্প ছাপার অযোগ্য
(গ) ছোটোমেসোর অনেক বই ছাপা হয়েছে
(ঘ) ছোটোমাসি একটা গল্প লিখেছে

**১.৩৭** তপন দ্যাখে মেসোর মুখে—
(ক) ঠাট্টার আভাস (খ) বিষাদের ছায়া
(গ) বিরক্তির প্রকাশ (ঘ) করুণার ছাপ

**১.৩৮** 'তখন আহ্লাদে কাঁদো কাঁদো হয়ে যায়'। এখানে যার কথা বলা হয়েছে, সে হল—
(ক) ছোটোমাসি (খ) তপন
(গ) মা (ঘ) মেজোকাকু

**১.৩৯** 'আমি বললে 'সন্ধ্যাতারার' সম্পাদক না করতে পারবে না'। এখানে বক্তা হলেন—
(ক) তপনের বাবা (খ) তপনের ছোটোমামা
(গ) তপনের মেজোকাকু (ঘ) তপনের ছোটোমেসো

**১.৪০** তপনের গল্প ছাপিয়ে দেওয়ার কথাটা উঠেছিল—
(ক) বৈঠকখানায় (খ) বিকেলে চায়ের টেবিলে
(গ) রাতে খাবার টেবিলে (ঘ) দুপুরে খাবার টেবিলে

**১.৪১** তপনের গল্প শুনে সবাই—
(ক) হাসে (খ) রেগে যায়
(গ) দুঃখ পায় (ঘ) বিরক্ত হয়

**১.৪২** 'না-না আমি বলছি— তপনের হাত আছে।' এখানে তপনের 'হাত আছে' বলতে বোঝানো হয়েছে—
(ক) তপনের লেখার হাত আছে
(খ) বিয়েবাড়িতে ঘটে যাওয়া দুর্ঘটনায় তপনের ভূমিকা আছে
(গ) তপনের বেহালা বাজানোর হাত আছে
(ঘ) সন্ধ্যাতারা পত্রিকায় লেখা ছাপানোয় তপনের হাত আছে

**১.৪৩** 'না-না আমি বলছি— তপনের হাত আছে'। এখানে বক্তা হলেন—
(ক) তপনের ছোটোমেসো
(খ) তপনের ছোটোমাসি
(গ) সন্ধ্যাতারা পত্রিকার সম্পাদক
(ঘ) তপনের মেজোকাকু

**১.৪৪** সাধারণত তপনের বয়সি ছেলেমেয়েদের লেখা গল্পের বিষয় হয়—
(ক) রূপকথা
(খ) ভৌতিক ঘটনা
(গ) খুন-জখম-অ্যাকসিডেন্ট অথবা না খেতে পেয়ে মরে যাওয়া
(ঘ) ব্যক্তিগত অভিজ্ঞতা

**১.৪৫** তপন যে বিষয়টি নিয়ে গল্প লেখে সেটি হল—
(ক) খুন-জখম-অ্যাকসিডেন্ট
(খ) ওর ভরতি হওয়ার দিনের অভিজ্ঞতা
(গ) ঝড়ের রাতের অভিজ্ঞতা
(ঘ) রূপকথা

**১.৪৬** 'তপন বিহ্বল দৃষ্টিতে তাকায়'। তপনের দৃষ্টিতে যা ছিল, তা হল—
(ক) রাগ (খ) দুঃখ
(গ) কষ্ট (ঘ) অবিশ্বাস

**১.৪৭** 'ছুটি ফুরোলে গল্পটি নিয়ে চলে গেলেন—
(ক) সন্ধ্যাতারা পত্রিকার সম্পাদক
(খ) তপনের মেজোকাকু
(গ) তপনের ছোটোমাসি
(ঘ) তপনের ছোটোমেসো

**১.৪৮** মেসো চলে গেলে তপন বসে বসে দিন গোনে—
(ক) উদ্‌বিগ্ন হয়ে (খ) আতঙ্কিত হয়ে
(গ) কৃতার্থ হয়ে (ঘ) আনন্দিত হয়ে

**১.৪৯** ছেলেবেলা থেকেই তপন গল্প শুনেছে—
(ক) একটা-আধটা (খ) রাশি রাশি
(গ) বাবার মুখে (ঘ) ঠাকুমার মুখে

**১.৫০** এখন তপন গল্প পড়ছে—
(ক) রাশি-রাশি (খ) ঝুড়ি ঝুড়ি
(গ) বস্তা বস্তা (ঘ) হাতে গোনা

**১.৫১** 'শুধু এইটাই জানা ছিল না'। অজানা বিষয়টি হল—
(ক) মেসো একজন লেখক (খ) তার গল্প ছাপা হবে
(গ) মানুষই গল্প লেখে (ঘ) সে গল্প লিখতে পারে

**১.৫২** তপন আস্তে আস্তে উঠে গেল—
(ক) চিলেকোঠায় (খ) দোতলার সিঁড়িতে
(গ) তিনতলার সিঁড়িতে (ঘ) ছাদে

**১.৫৩** তপন আস্তে আস্তে তিনতলার সিঁড়িতে উঠে গেল—
(ক) ভোরবেলা (খ) বিকেলবেলা
(গ) দুপুরবেলা (ঘ) সন্ধ্যেবেলা

**১.৫৪** তপন আস্তে আস্তে তিনতলার সিঁড়িতে উঠে গেল—
(ক) ব্যাটবল নিয়ে (খ) রং-তুলি নিয়ে
(গ) গুলতি নিয়ে (ঘ) খাতা-কলম নিয়ে

**১.৫৫** বিয়েবাড়িতেও তপনের মা যেটি না আনিয়ে ছাড়েননি, সেটি হল—
(ক) বেনারসি শাড়ি (খ) সোনার গয়না
(গ) পড়ার বই (ঘ) হোম টাস্কের খাতা

১.৫৬ 'গায়ে কাঁটা দিয়ে উঠল তপনের'। তপনের গায়ে কাঁটা দিয়ে উঠল—
ক অন্ধকারে কাউকে সিঁড়িতে দাঁড়িয়ে থাকতে দেখে
খ নিজের লেখা গল্প পড়ে
গ ছাপার হরফে নিজের লেখা পড়ে
ঘ নিঝুম দুপুরে একলা ঘরে ভূতের গল্প পড়ে

১.৫৭ মাথার চুল খাড়া হয়ে উঠল—
ক ছোটোমাসির খ ছোটোমেসোর
গ তপনের ঘ তপনের মায়ের

১.৫৮ তপন গল্প লিখে প্রথম জানিয়েছিল—
ক ছোটোমামাকে খ ছোটোমাসিকে
গ ছোটোমেসোকে ঘ ছোটোকাকাকে

১.৫৯ তপনের চিরকালের বন্ধু—
ক মা খ বাবা
গ ছোটোমাসি ঘ ছোটোমামা

১.৬০ ছোটোমাসি তপনের থেকে বড়ো ছিল—
ক পাঁচ বছরের খ সাত বছরের
গ আট বছরের ঘ দশ বছরের

১.৬১ মামার বাড়ি এলে তপনের সব কিছুই—
ক দাদুর কাছে খ দিদার কাছে
গ ছোটোমামার কাছে ঘ ছোটোমাসির কাছে

১.৬২ বিয়ের পর ছোটোমাসি হয়ে গেছে—
ক একটু মুরুব্বি মুরুব্বি খ একটু মোটা
গ একটু গম্ভীর ঘ একটু রোগা

১.৬৩ 'ওমা এ তো বেশ লিখেছিস রে?' এখানে বক্তা—
ক তপনের ছোটোমামা খ তপনের মেজোকাকু
গ তপনের ছোটোমাসি ঘ তপনের ছোটোমেসো

১.৬৪ 'কোনোখান থেকে টুকলিফাই করিসনি তো?' এ কথা বলেছেন—
ক মা ছোটোমাসিকে খ ছোটোমাসি মাকে
গ ছোটোমেসো তপনকে ঘ ছোটোমাসি তপনকে

১.৬৫ ঠাট্টা-তামাশার মধ্যেই তপন গল্প লিখে ফেলে আরও—
ক দু-তিনটে খ তিন-চারটে
গ একটা ঘ পাঁচটা

১.৬৬ 'যেন নেশায় পেয়েছে'। যাকে নেশায় পেয়েছে সে হল—
ক বাবা খ ছোটোমামা
গ তপন ঘ ছোটোমেসো

১.৬৭ 'যেন নেশায় পেয়েছে'। তপনকে কীসের নেশায় পেয়েছে?
ক ক্রিকেট খেলার খ গল্প লেখার
গ গান শোনার ঘ টিভি দেখার

১.৬৮ 'এমন সময় ঘটল সেই ঘটনা'। ঘটনাটি হল—
ক ছোটোমাসির বিয়ে খ তপনের গল্প লেখা
গ মেসোকে গল্প পড়ানো ঘ তপনের গল্প ছাপা হওয়া

১.৬৯ 'বুকের রক্ত ছলকে ওঠে তপনের।' এর কারণ—
ক ছোটোমাসি-মেসোর হঠাৎ আগমন
খ 'সন্ধ্যাতারা' পত্রিকায় তপনের গল্প ছাপার সম্ভাবনা
গ দীর্ঘদিন পর তার চিরকালের বন্ধু ছোটোমাসির সঙ্গে দেখা হওয়া
ঘ তার লুকিয়ে গল্প লেখার কথা প্রকাশ্যে এসে যাওয়া

১.৭০ 'পৃথিবীতে এমন অলৌকিক ঘটনাও ঘটে'? অলৌকিক ঘটনাটি হল—
*(পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের নমুনা প্রশ্ন, ২০১৭)*
ক এক লেখকের সঙ্গে তপনের ছোটোমাসির বিয়ে হয়েছে
খ বাড়িতে তপনের নাম হয়ে গেছে কবি, সাহিত্যিক, কথাশিল্পী
গ তপনের লেখা গল্প 'সন্ধ্যাতারা' পত্রিকায় ছাপা হয়েছে
ঘ তপন দেখল ছাপানো গল্পের একটি লাইনও তার নিজের নয়

১.৭১ তপনের সম্পূর্ণ নাম ছিল—
ক তপনকান্তি রায় খ তপনকুমার রায়
গ তপনকুমার সেন ঘ তপন রায়

১.৭২ তপনের লেখা গল্পের নাম ছিল—
ক প্রথম দিন খ প্রথম পরীক্ষা
গ শেষ দিন ঘ শেষ রাত

১.৭৩ গল্প লেখার জন্য তপনের বাড়িতে তপনের নাম হয়ে গেছে—
ক কবি, সাহিত্যিক, কথাশিল্পী
খ সাহিত্যিক, কথাশিল্পী
গ কবি, গল্পকার, কথাশিল্পী
ঘ কবি, নাট্যকার, ঔপন্যাসিক

১.৭৪ 'ক্রমশ ও কথাটাও ছড়িয়ে পড়ে।' যে কথাটি ছড়িয়ে পড়ে, সেটি হল—
ক তপনের গল্প লেখার কথা
খ তপনের গল্প 'সন্ধ্যাতারা'য় ছেপে বেরোনোর কথা
গ তপনের লেখা ছোটোমেসোর কারেকশান করে দেওয়ার কথা
ঘ তপনের পরীক্ষায় পাশের কথা

১.৭৫ 'আমাদের থাকলে আমরাও চেষ্টা করে দেখতাম'। উক্তিটির বক্তা—
ক ছোটোমাসি খ তপনের বন্ধুরা
গ মেজোকাকু ঘ মেসো

১.৭৬ তপনের বাড়িতে বেড়াতে এসে ছোটোমাসি খায়—
ক মাংস-ভাত খ চা-বিস্কুট
গ ডিমভাজা আর চা ঘ কফি আর কেক

১.৭৭ তপনদের বাড়িতে বেড়াতে এসে ছোটোমেসো খান—
ক শুধু কফি খ কেক আর কফি
গ ডিমভাজা আর চা ঘ ডিমভাজা আর কফি

১.৭৮ 'কই তুই নিজের মুখে একবার পড় তো তপন শুনি!' উদ্ধৃতিটির বক্তা—
ক) তপন  খ) তপনের মা
গ) তপনের বাবা  ঘ) তপনের ছোটোমাসি

১.৭৯ 'বাবা, তোর পেটে পেটে এত!' এখানে 'তোর' বলতে বোঝানো হয়েছে—
ক) তপনকে  খ) তপনের মেজোকাকুকে
গ) তপনের ছোটোমাসিকে  ঘ) তপনের বন্ধুকে

১.৮০ কেশে গলা পরিষ্কার করে—
ক) ছোটোমেসো  খ) বাবা
গ) মেজোকাকু  ঘ) তপন

১.৮১ তপনের লেখাটা নতুন করে নিজের পাকা হাতের কলমে লিখেছেন—
ক) 'সন্ধ্যতারা' পত্রিকার সম্পাদক
খ) তপনের ছোটোমেসো
গ) তপনের মেজোকাকু
ঘ) তপনের বাবা

১.৮২ 'তপন আর পড়তে পারে না'। কারণ—
ক) তার ঘুম পেয়েছিল  খ) তার কষ্ট হচ্ছিল
গ) তার রাগ হচ্ছিল  ঘ) তার বিরক্ত লাগছিল

১.৮৩ 'তপনের অপরিচিত'। যে বস্তুর কথা বলা হয়েছে, তা হল—
ক) মেসোর পরিচয়
খ) তার নিজের লেখা গল্প
গ) 'সন্ধ্যাতারা'-র সম্পাদকের পরিচয়
ঘ) 'সন্ধ্যাতারা' পত্রিকাটি

১.৮৪ 'তবু 'ধন্যি ধন্যি' পড়ে যায়'। 'ধন্যি ধন্যি'-র অর্থ হল—
ক) প্রশংসা  খ) ব্যঙ্গ
গ) নিন্দা  ঘ) তামাশা

১.৮৫ 'আজ যেন তার জীবনের সবচেয়ে দুঃখের দিন'। যে দিনটিকে সবচেয়ে দুঃখের দিন মনে হয়েছিল, সেটি ছিল—
ক) ছোটোমাসির বিয়ের দিন
খ) মামাবাড়িতে আসার দিন
গ) নিজের গল্প ছাপা অক্ষরে দেখার দিন
ঘ) মামাবাড়ি থেকে চলে যাওয়ার দিন

১.৮৬ 'কিরে তোর যে দেখি পায়াভারী হয়ে গেল'। 'পায়াভারী' শব্দের অর্থ হল—
ক) পা মোটা হয়ে যাওয়া
খ) গম্ভীর হয়ে যাওয়া
গ) ভারিক্কি হয়ে যাওয়া
ঘ) অহংকারী হয়ে যাওয়া

১.৮৭ 'ছাপা হয় হোক, না হয় না হোক'। এর মধ্যে তপনের যে মানসিকতা প্রকাশ পায়, তা হল—
ক) মরিয়া  খ) বিরক্তি
গ) দুঃখ  ঘ) অভিমান

১.৮৮ 'তপনকে যেন আর কখনো শুনতে না হয়'। যা না শোনার কথা বলা হয়েছে, তা হল—
ক) সে গল্প লিখতে পারে না
খ) ছোটোমেসো গল্প লিখে দিয়েছেন
গ) ছোটোমাসি সুপারিশ করেছেন
ঘ) অন্য কেউ তার গল্প ছাপিয়ে দিয়েছেন

১.৮৯ 'তার চেয়ে দুঃখের কিছু নেই, তার থেকে অপমানের'—যার কথা বলা হয়েছে, তা হল—
ক) নিজের গল্প ছাপা না হওয়া
খ) নিজের গল্পে অন্যের লেখা লাইন পড়া
গ) বাড়ির লোকেদের ঠাট্টাতামাশা
ঘ) নিজের গল্প লিখতে না পারা